দৈনিক ইত্তেফাক

তারিখ 18 APR 2017
পৃষ্ঠা ২০ কলাম ৬

৩৫তম বিসিএস

# নন-ক্যাডারে ৩৯৮ জনকে নিয়োগের সুপারিশ

■ ইত্তেফাক রিপোর্ট

৩৫তম বিসিএসের চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণদের মধ্যে থেকে ৩৯৮ জনকে প্রথম শ্রেণির নন-ক্যাডার পদে নিয়োগের সুপারিশ করেছে সরকারি কর্ম কমিশন (পিএসসি)। গতকাল সোমবার বিকালে এ ফলাফল প্রকাশ করা হয়। তথ্য বিভ্রাটের কারণে ৩ জনের ফল স্থগিত রেখেছে কমিশন। পিএসসির চেয়ারম্যান ড. মোহাম্মদ সাদিক ইত্তেফাককে তথ্য জানিয়েছেন। তিনি বলেছেন, প্রথম দফায় প্রথম শ্রেণির নন-ক্যাডার পদের ফলাফল প্রকাশ করা হয়েছে। দ্বিতীয় শ্রেণির নন-ক্যাডার পদের ফল প্রকাশের আগে প্রথম শ্রেণির আরো কিছু পদে সুপারিশের চিন্তা-ভাবনা রয়েছে।

পিএসসি সূত্রে জানা গেছে, আগামী ১৫ দিনের মধ্যে দ্বিতীয় দফায় আরো ৩শ' প্রথম শ্রেণির পদে সুপারিশের পরিকল্পনা আছে কমিশনের। সেই লক্ষ্যে পিএসসির সংশ্লিষ্টরা কার্যক্রম পরিচালনা করছে। তারপর দ্বিতীয় শ্রেণির নন-ক্যাডার পদের ফলাফল পৃষ্ঠা ২ কলাম ৭

## নন-ক্যাডারে ৩৯৮

২০ পৃষ্ঠার পর

প্রকাশ করা হবে। গত বছরের ১৭ আগস্ট ৩৫তম বিসিএসের চূড়ান্ত ফল প্রকাশ করা হয়। এতে ৫ হাজার ৫৩৩ জন উত্তীর্ণ হন। এর মধ্যে ২ হাজার ১৫৮ জনকে বিভিন্ন ক্যাডারে নিয়োগের সুপারিশ করা হলেও পদস্বল্পতার কারণে ৩ হাজার ৩৫৯ জনকে নন-ক্যাডারের জন্য রাখা হয়। গত নভেম্বরে নন-ক্যাডারে নিয়োগের জন্য প্রথমবারের মতো অনলাইনে আবেদনপত্র নেওয়া হয়েছে। ২ হাজার ৬২৬ জন এতে আবেদন করেছেন।